# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

**নারায়ণগঞ্জ শাখা।**

## অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জনাব মোঃ জাকির হোসেন, চেয়ারম্যান; পিতাঃ মোঃ ফসিউজ্জামান; বর্তমান ও স্থায়ী ঠিকানাঃ হোল্ডিং-১/৯৯, আমিন আবাসিক এলাকা, গঙ্গাকুল, ওয়ার্ড-২২, বন্দর, নারায়ণগঞ্জ হিসাবের নামঃ পানামা নীটওয়্যার (প্রাঃ) লিমিটেড, ব্যবসায়িক ঠিকানা- ৫৬, এস. এম. মালেহ রোড, টানবাজার, ফতুল্লা, নারায়ণগঞ্জ। কর্তৃক ইউসিবি, নারায়ণগঞ্জ শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্নিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০.০৯.২০২৫ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ২৬,৩২,০১,৬৮৮.৪৩ টাকা (ছাব্বিশ কোটি বত্রিশ লক্ষ এক হাজার ছয়শত আটাশি টাকা তেতাল্লিশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্নাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### <u>বন্ধকী সম্পত্তির তফসিল-১</u>

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা পৌরসভা ও সাব রেজিষ্ট্রি অফিস- নারায়ণগঞ্জ, মৌজা- নারায়ণগঞ্জ "ম" খন্ড, জে. এল নং- সি.এস-১৮৮, খতিয়ান নং- সি.এস- ২০৯, এস.এ-১৮৫ ও ১৮৬, আর.এস-৬০০, মিউটেশন খতিয়ান নং-১৭০২, জোত নং-১৭০১, প্লট নং- সি.এস-৭৯৮, এস.এ-৫৩৯, আর.এস-৯৯৯ মোট জায়গা-০৪ শতাংশ; অবস্থিত বিল্ডিংয়ের ৬ তলায় ১২,০০০ স্কয়ার ফিটসহ। সাফ কবলা ডিড নং-২৭১৫, তারিখঃ ২৯/০৫/২০০৬ যাহার চৌহদ্দী- উত্তরে- বাস স্ট্যান্ড, দক্ষিণে- জনাব শাহজাহান সাহেবের রিভার ভিও বিল্ডিং, পূর্বে- বন্ধকদাতা নিজেই, পশ্চিমে- এস. এম. মালেহ রোড।

### <u>বন্ধকী সম্পত্তির তফসিল-২</u>

জেলা- নারায়ণগঞ্জ, উপজেলা পৌরসভা ও সাব রেজিষ্ট্রি অফিস- নারায়ণগঞ্জ, মৌজা- নারায়ণগঞ্জ "ম" খন্ড, জে. এল নং- সি.এস-১৮৮, খতিয়ান নং- সি.এস- ২০৯, এস.এ-১৮৫ ও ১৮৬, আর.এস-৬০০, মিউটেশন খতিয়ান নং-১৯১১, জোত নং-১৯১০, প্লট নং- সি.এস-৭৯৮, এস.এ-৫৩৯, আর.এস-৯৯৯ মোট জায়গা-০৩ শতাংশ; অবস্থিত বিল্ডিংয়ের ৬ তলায় ৫০০০ স্কয়ার ফিটসহ। সাফ কবলা ডিড নং-২৮৯, তারিখঃ ২১/০১/২০০৭ যাহার চৌহদ্দী- উত্তরে- বাস স্ট্যান্ড, দক্ষিণে- জনাব শাহজাহান সাহেবের রিভার ভিও বিল্ডিং, পূর্বে- মৃধা টাওয়ার, পশ্চিমে- বন্ধকদাতা মোঃ জাকির হোসেন নিজেই।

### নিলামের শর্তাবলী ঃ-

১। আগামী ১০/১১/২০২৫ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবি পিএলসি, নারায়নগঞ্জ শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউসিবি, নারায়নগঞ্জ শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউসিবি, নারায়নগঞ্জ শাখা।